বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম

আস্‌সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ্‌
সম্মানিত অভিভাবকবৃন্দ!
চলমান বিশ্বের জটিল চ্যালেঞ্জ মোকাবেলায় পারঙ্গম ও ইসলামী চরিত্রের নিষ্ঠাবান অনুসারী, দেশপ্রেমিক, সৎ ও যোগ্য প্রজন্ম তৈরির মহান ব্রত নিয়ে 'দারুল ইরফান মাদরাসা' প্রায় ৩০বৎসর পূর্বে এর সাহসী যাত্রা শুরু করে মহান প্রভুর অপার কৃপায়। দারুল ইরফান ট্রাস্টের শিক্ষানুরাগী, ত্যাগী ও মুখলেসিনেদ্বীনেরা দৃঢ় হাতে নিরন্তর তত্ত্বাবধানে প্রতিষ্ঠান পরিচালনার হাল ধরে রয়েছেন। একদল সুশিক্ষিত ও নিবেদিতপ্রাণ শিক্ষকমন্ডলীর সমন্বিত প্রয়াসে ইতোমধ্যে 'দারুল ইরফান মাদরাসা' শুধু দুইযুগ অতিক্রম করেনি, বরং অতিক্রম করেছে দাখিল পরীক্ষায় শতকরা ৭০ ভাগ A+ সহ প্রতিবছর শতভাগ উত্তীর্ণ হওয়ার গৌরবের মাইলফলক। এছাড়াও ৫ম ও ৮ম শ্রেণীতে সরকারি ও বেসরকারি বিভিন্ন বৃত্তি পরীক্ষায় প্রতিবছরই প্রায় শতাধিক ছাত্র-ছাত্রী বৃত্তি লাভ করে সৃষ্টি করে চলছে ঐতিহ্যের বর্ণাঢ্য গাঁথা। সমস্ত প্রশংসার মালিক আল্লাহ সুবহানাহু ওয়া তা'য়ালা। বর্তমানে প্রতিষ্ঠানের প্রশস্ত ভবনের মধ্যে Morning shift-এ চলছে দ্বীনি পরিবেশে পূর্ণাঙ্গ বালিকা শাখা ও চান্দগাঁও আবাসিক এলাকার বি ব্লকে রয়েছে বালক শাখা। আরও রয়েছে শীতাতপ নিয়ন্ত্রিত উন্নতমানের হিফজুল কুরআন মাদরাসা ও সযতন ব্যবস্থাপনায় পরিচালিত পূর্ণাঙ্গ ছাত্রাবাস।

Healthy Academic Atmosphere and Quality Education

প্রদানে আমরা সর্বদাই যত্নশীল রয়েছি ও থাকবো ইন্‌শাআল্লাহ। একজন সচেতন অভিভাবক হিসেবে নৈতিক অবক্ষয়ের এ দুর্দিনে আপনার প্রিয় সন্তানের লেখা-পড়া ও চরিত্র গঠনের দায়িত্ব আমাদের ওপর ন্যস্ত করে নিশ্চিন্ত হতে পারেন। আমরা এ কঠিন দায়িত্ব গ্রহণের করছি অঙ্গীকার।

মাদরাসার বৈশিষ্ট্য

সূচনালগ্ন হতে এ প্রতিষ্ঠান লালন করে আসছে কিছু ব্যতিক্রমধর্মী বৈশিষ্ট্য। যা আজ আমাদের ঐতিহ্য।

- একটি অবাণিজ্যিক প্রতিষ্ঠান।
- সহীহ কুরআন শিক্ষা ও আমপারা হিফজকরণ
- যোগ্য শিক্ষকমন্ডলী ও নিরন্তর শিক্ষক প্রশিক্ষণ
- অভিজ্ঞ ও স্বেচ্ছাসেবী পরিচালনা পরিষদ
- শ্রেণীতে পাঠ প্রস্তুতির প্রচেষ্টা
- পাঠ পরিকল্পনা গ্রহণ ও অনুসরণ
- স্বল্প খরচে উন্নত আবাসিক ব্যবস্থা
- খেলাধুলা, অঙ্কন ও সাংস্কৃতিক বিষয়ে গুরুত্ব প্রদান
- English & Arabic Spoken Classes.
- Computer Based Education.
- শিক্ষা উপকরণসহ সমৃদ্ধ বিজ্ঞানাগার
- সেমিস্টারভিত্তিক পরীক্ষা ও ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি
- ইসলামী অনুশাসন পালনে যত্নবান
- দ্বীনি শিক্ষার পরিবেশ সংরক্ষণ
- দৈনন্দিন জীবনে প্রয়োজনীয় ১০০টি মাসনুন দুআ ও আসমাউল হুসনা মুখস্থকরণ
- বাছাইকৃত ও বিষয়ভিত্তিক হিফজুল হাদীসের ব্যবস্থা

সিসি ক্যামেরা সমৃদ্ধ ক্লাসরুম

শিক্ষা কার্যক্রম

এখানে যুগোপযোগী ও ইসলামী শিক্ষার সমন্বয়ে উন্নতমানের পাঠ্যসূচি অনুসৃত হয়। দেশের প্রখ্যাত শিক্ষাবিদ ও গবেষকদের সমন্বয়ে গঠিত কারিকুলাম অনুযায়ী পাঠ্যসূচি প্রণীত। আরবী ও ইসলামী শিক্ষার জন্য মুসলিম বিশ্ব ও মাদরাসা শিক্ষা বোর্ডের পাঠ্যসূচি অনুসৃত। ইংরেজি ও অন্যান্য বিষয়ের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম ও আধুনিক বিশ্বের বিভিন্ন পাঠ্যসূচি অনুসরণ করা হয়। এছাড়াও পাঠ্যসূচির পাশাপাশি নৈতিক, শরীরচর্চা ও সাংস্কৃতিক বিষয়াবলী এবং আমল-আখলাকের প্রতি অত্যধিক গুরুত্ব প্রদান করা হয়।

পাঠদান পদ্ধতি

দারুল ইরফান মাদরাসাতে শিক্ষার্থীকে পাঠদানের ক্ষেত্রে অনুসরণ করা হয় বিভিন্ন কার্যকর ও উপযোগী পদ্ধতি:

- আধুনিক মনোবিজ্ঞানের আলোকে দ্বীনি পরিবেশে পাঠদান
- শিক্ষা উপকরণ ব্যবহার
- একাডেমিক ক্যালেন্ডার অনুসরণ
- পাঠদানে ইংরেজি ও আরবীকে গুরুত্ব প্রদান
- ব্যবহারিক ল্যাবে কম্পিউটার ক্লাসের ব্যবস্থা
- ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি গ্রহণ
- প্রতি ক্লাসে বাড়ির কাজ (HW) আদায়
- পাঠ ও শ্রেণীর কাজ (CW) প্রদান এবং তা নিরীক্ষণ
- শিক্ষার্থীদেরকে মেধানুসারে মূল্যায়ন ও তত্ত্বাবধান
- অঙ্কন, সংগীত, শরীরচর্চা ও সাংস্কৃতিক ক্লাসের পৃথক ব্যবস্থা

শিক্ষকমন্ডলী

দারুল ইরফান মাদরাসায় কর্মরত সকল শিক্ষক-শিক্ষিকাই নিজ নিজ বিষয়ে উন্নত একাডেমিক ক্যারিয়ারের অধিকারী এবং বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত। কুরআন, আরবী, বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান, কম্পিউটার ও সাংস্কৃতিক বিষয়ে রয়েছে বিভাগীয় ও অভিজ্ঞ শিক্ষকমন্ডলী।

পরীক্ষা পদ্ধতি

পরিশীলিত ও বিন্যস্ত পাঠ্যক্রমের আলোকে আমাদের পরীক্ষা পদ্ধতি সেমিস্টার ভিত্তিক পরিচালিত হয়।

- প্রথম সেমিস্টার (জানুয়ারি-এপ্রিল)
- দ্বিতীয় সেমিস্টার (মে-আগস্ট)
- তৃতীয় সেমিস্টার (সেপ্টেম্বর-ডিসেম্বর)
- সাপ্তাহিক ও মাসিক টেস্ট পরীক্ষা

শিক্ষক-প্রশিক্ষণ

উন্নত বিশ্বের অনুসৃত বিজ্ঞানসম্মত পাঠদান পদ্ধতির সাথে পরিচিত ও অনুশীলন উপযোগী করে গড়ে তোলার জন্য মাদরাসাতে কর্মরত সকল শিক্ষকদের নিয়ে প্রতি বছর প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। সৃজনশীল পাঠদান কৌশল ও শিশু মনোবিজ্ঞানের আলোকে পাঠদানের বিভিন্ন বিষয়ে শিক্ষকমন্ডলিকে প্রশিক্ষিত করে তোলা হয়।

স্বতন্ত্র বালিকা শাখা

ছেলেমেয়েদের যেখানে সহশিক্ষা কার্যক্রম রয়েছে সেখানে শিক্ষার মুল উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। সেখানে শিক্ষার সুস্থ পরিবেশ চ্যালেঞ্জের সম্মুখীন। আজকের নৈতিক অবক্ষয়ের সমাজে যেকোন অভিভাবক বিশেষ করে কন্যা সন্তানের পিতা-মাতার জন্যে উদ্বিগ্নতা যেন অসহায়। বিষয়টি শতশত বছর পূর্বে মানবতার শিক্ষক মুহাম্মদ (সাঃ) সর্তক করেছেন। আমরা তাই ২০০৮ সাল হতে চতুর্থ শ্রেণি থেকে আলিম শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত ছাত্রীদের জন্য দ্বীনি পরিবেশে ও দক্ষ ব্যবস্থাপনায় স্বতন্ত্র বালিকা মাদরাসা পরিচালনা করছি। আপনাদের কন্যা সন্তানদেরকে বালিকা শাখায় ভর্তি করিয়ে প্রিয় সন্তানের আদর্শিক ক্যারিয়ার গঠনে নিশ্চিন্ত হতে পারবেন। ইন্‌শাআল্লাহ।

হিফজুল কুরআন বিভাগ

কুরআনুল কারিমের অসংখ্য অলৌকিক বিষয়ের মধ্যে কুরআন হিফজকরণ একটি অন্যতম মো'জেযা। পৃথিবীর কোন যুগে কোন ধর্মগ্রন্থের হাফেজ ছিল না এবং বর্তমানেও নেই। একমাত্র ব্যতিক্রম কুরআনুল কারিম। বর্তমান বিশ্বেও লক্ষ লক্ষ নরনারীর হৃদয়ে এ মহান কিতাব সংরক্ষিত রয়েছে। আগামীতেও আমাদের সন্তানদের কুরআন হিফজ করার ব্যবস্থা করে এ ধারা অব্যাহত রাখতে হবে। এটি মুসলিম উম্মাহর জাতীয় দায়িত্ব। আলহামদুলিল্লাহ। আমরা আনন্দের সাথে ঘোষণা করছি যে ২০০৮ সাল হতে দারুল ইরফান ট্রস্টের অধিনে হিফজুল কুরআন বিভাগ (ছাত্র-ছাত্রী) চালু করার সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। প্রচলিত ও গতানুগতিক ধারায় হিফজুল কুরআন মাদরাসা প্রতিষ্ঠা করা আমাদের উদ্দেশ্য নয়। আমাদের উদ্দেশ্য আধুনিক কারিকুলামসহ আন্তর্জাতিক মান সংরক্ষণ।

বৈশিষ্ট্য

- পরীক্ষার মাধ্যমে ছাত্র বাছাই
- হিফজের সাথে শ্রেণি কার্যক্রমের সমন্বয়
- আধুনিক বিশ্বে গৃহীত নতুন নিয়ম অনুসরণ
- মনোরম ও রুচিশীল পরিবেশ
- শীতাতপ নিয়ন্ত্রিত সম্পূর্ণ আবাসিক ব্যবস্থা
- শরীর ও স্বাস্থ্যের প্রতি নিবিড় যত্ন
- প্রতি ১৫ জনে ১ জন শিক্ষক

আপনি অন্ততঃ আপনার একটি সন্তানকে আল্লাহ তায়ালার এ আখেরী কালাম হিফজ করার জন্য সিদ্ধান্ত নিন। আপনার স্বপ্ন বাস্তবায়নে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

সাংস্কৃতিক কার্যক্রম

শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশ সাধনের লক্ষ্যে সাংস্কৃতিক কার্যক্রমের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা হয়। কিরাত, হামদ, না'ত, ইসলামি সংগীত, বক্তৃতা, বিতর্ক, আবৃত্তি ও সাহিত্য বিষয়ে পারদর্শিতা অর্জনের লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। সাপ্তাহিক সাংস্কৃতিক অনুষ্ঠান, বিভিন্ন জাতীয় ও ধর্মীয় দিবস উদযাপনে শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ে অংশগ্রহণ, সরকারি ও বেসরকারি উদ্যোগে উদযাপিত বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণের মধ্য দিয়ে তাদের সুপ্ত প্রতিভা বিকাশের বিশেষ প্রচেষ্টা চালানো হয়। এছাড়াও মাদরাসার উদ্যোগে দেয়ালিকা, কুইজ প্রতিযোগিতা ও ম্যাগাজিন প্রকাশের ব্যবস্থা রয়েছে।

সরকারি ও বেসরকারি বৃত্তির ব্যবস্থা

বিশেষ তত্ত্বাবধানে ছাত্র-ছাত্রীদেরকে সরকারি ও বেসরকারি বৃত্তি পরীক্ষার উপযোগী করে গড়ে তোলা হয়। এক্ষেত্রে আগ্রহী শিক্ষার্থীরা নির্দিষ্ট ফি ও প্রক্রিয়া সম্পাদন করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে। আমাদের পাঠ্যক্রম ও শিক্ষাপদ্ধতি সময়ের সাথে সংগতিপূর্ণ বিধায় বিভিন্ন পরীক্ষায় আমাদের শিক্ষার্থীদের সাফল্য উল্লেখযোগ্য। ২০০৪ সাল থেকে অদ্যাবধি প্রায় হাজারের অধিক ছাত্র-ছাত্রী বিভিন্ন গ্রেডে বৃত্তি লাভ করেছে। বৃত্তি প্রাপ্তির এ ধারাবাহিকতা অব্যাহত আছে।

কম্পিউটার ল্যাব

যুগের চাহিদানুযায়ী উন্নত ও সমৃদ্ধ কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। দৈনিক পাঠ্যসূচীতে কম্পিউটার ক্লাস বাধ্যতামূলক। এর মাধ্যমে একজন শিক্ষার্থী কম্পিউটারের সার্বিক জ্ঞান অর্জনে সক্ষম হয়। এছাড়াও কম্পিউটারের মাধ্যমে ক্বিরাত অনুশীলন, ভাষা ও ছড়া-গান প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

বিজ্ঞানাগার

ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান শিক্ষার সুবিধার্থে গড়ে তোলা হয়েছে সমৃদ্ধ বিজ্ঞানাগার। পদার্থ, রসায়ন, জীববিজ্ঞানসহ বিজ্ঞানের নানা বিষয়ের ব্যবহারিক ক্লাসসমূহ এতে সম্পন্ন করা হয়। সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক দ্বারা এই বিজ্ঞানাগার পরিচালিত হয়।

যাতায়াত ব্যবস্থা

মাদরাসার রয়েছে শীতাতপ নিয়ন্ত্রিত নিজস্ব পরিবহন। চট্টগ্রাম শহরের গুরুত্বপূর্ণ বিভিন্ন রুটে মাদরাসার মাইক্রোবাস চলাচল করে। আগ্রহী ছাত্র-ছাত্রীরা যাতায়াত সুবিধা গ্রহণ করতে পারে।

আবাসিক সুবিধা

প্রবাসী ও সচেতন অভিভাবকদের সন্তানদের যথাযথ শিক্ষা প্রদান এবং ক্যারিয়ার গঠনের নিমিত্তে মাদরাসায় রয়েছে উন্নত আবাসিক ব্যবস্থা। নিরাপদ ও পরিচ্ছন্ন পরিবেশে আবাসিক ছাত্রদের আন্তরিকতার সাথে রুটিন অনুসারে তত্ত্বাবধান করা হয়। অভিজ্ঞ তত্ত্বাবধায়ক ও প্রতি বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষক দ্বারা আবাসিক ছাত্রদের পড়ালেখার যত্ন নেওয়া হয়। আমল-আখলাক গঠন, ধর্মীয় অনুশাসন পালনসহ যাবতীয় বিষয়ে আবাসিক ছাত্ররা শিক্ষকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে থাকার সুযোগ লাভ করে।

ভর্তি প্রক্রিয়া

১লা নভেম্বর হতে ভর্তি ফরম ও প্রসপেকটাস বিতরণ শুরু হয়। ফরমে উল্লিখিত নিয়ামানুসারে ভর্তি ফরম পূরণ করে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হয়। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণপূর্বক ভর্তি কমিটির সুপারিশ সাপেক্ষে নির্দিষ্ট ফি ও চার্জ প্রদানপূর্বক সীমিত আসনে ভর্তি করা হয়।

বার্ষিক ও মাসিক চার্জসমূহ

নতুন ছাত্র		পুরাতন ছাত্র	
বার্ষিক		বার্ষিক	
ভর্তি ফি	৩,৫০০/-	ভর্তি ফি	২,০০০/-
পরিচয়পত্র	১৫০/-	পরিচয়পত্র	১৫০/-
ডায়েরি	২০০/-	ডায়েরি	২০০/-
ক্রীড়া	৫০০/-	ক্রীড়া	৫০০/-
উন্নয়ন	১,২০০/-	উন্নয়ন	১,২০০/-
দরিদ্র তহবিল	৫০০/-	দরিদ্র তহবিল	৫০০/-
বিজ্ঞানাগার	৩৫০/-	বিজ্ঞানাগার	৩৫০/-
আইসিটি	৩০০/-	আইসিটি	৩০০/-
সাংস্কৃতিক কার্যক্রম	৩০০/-	সাংস্কৃতিক কার্যক্রম	৩০০/-
মোট	৭০০০/-	মোট	৫,৫০০/-

মাসিক বেতনঃ নার্সারি হতে ৩য় শ্রেণি পর্যন্ত ১৫০০/- টাকা
৪র্থ শ্রেণি হতে আলিম শ্রেণি ১৮০০/- টাকা
পরিবহন ফিঃ দূরত্ব অনুযায়ী ২০০০- ২৫০০- ৩০০০- ৩৫০০-৪০০০/-

হোস্টেল চার্জসমূহ

বার্ষিক ঃ (নতুন)		বার্ষিক ঃ (পুরাতন)	
হোস্টেল ভর্তি	৩,০০০/-	হোস্টেল ভর্তি	১,৫০০/-
জামানত	২০০০/-	মাসিক ঃ	
মোট =	৫,০০০/-	একাডেমিক বেতন	১৮০০/-
		ডাইনিং	৪০০০/-
		টিউশন ফি	৩০০০/-
		আবাসন	২২০০/-
		মোট =	১১,০০০/-

উল্লেখ্য, মাসিক বেতন ও অন্যান্য নির্ধারিত ফি প্রতি মাসের ১০ তারিখের মধ্যে প্রদান করতে হয়। কোন শিক্ষার্থী গ্রহণযোগ্য কারণ ব্যতিত ও অননুমোদিত পন্থায় প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকলে প্রতিদিনের জন্য ৫০টাকা হারে জরিমানা প্রযোজ্য।

হেলথ চেক-আপ

ছাত্র-ছাত্রীদের বিভিন্ন শারীরিক অবস্থা ও অসুবিধা নিরূপণের জন্য রয়েছে হেল্‌থ চেকআপের ব্যবস্থা। এই কার্যক্রমের আওতায় টিকাদান, ভিটামিন খাওয়ানো, ওজন পরীক্ষা, রক্তের গ্রুপ নির্ণয়, উচ্চতা, দাঁত, নাক ইত্যাদি পরীক্ষা করা হয়। ব্যবস্থাসহ প্রয়োজনীয় পরামর্শ ও সম্ভাব্য ক্ষেত্রে ঔষধ সামগ্রী সরবরাহ করা হয়।

বাৎসরিক অনুষ্ঠান

প্রতিটি শিক্ষা সেশনে মাদরাসায় বিভিন্ন একাডেমিক, সাংস্কৃতিক, ক্রীড়া, শিক্ষা ও বিনোদনমূলক বিভিন্ন অনুষ্ঠান উদ্‌যাপন করা হয়। এসব অনুষ্ঠানের মধ্যে রয়েছে-

- বার্ষিক উদ্বোধনী অনুষ্ঠান
- সাপ্তাহিক সাংস্কৃতিক অনুষ্ঠান
- অভিভাবক সমাবেশ
- বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা
- বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা
- শিক্ষা সফর
- জাতীয় ও ধর্মীয় দিবস পালন
- বার্ষিক ফলাফল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান

ফলাফল পদ্ধতি

জাতীয় পরীক্ষা পদ্ধতির আলোকে মাদরাসায় বিভিন্ন পরীক্ষার ফলাফল গ্রেডিং করা হয়। সেমিস্টার ভিত্তিক পরীক্ষাসমূহের গ্রেডিং নিম্নরূপঃ

লেটার গ্রেড	প্রাপ্ত নম্বর	গ্রেড পয়েন্ট
A+	৮০-১০০	৫.০০
A	৭০-৭৯	৪.০০
A-	৬০-৬৯	৩.৫০
B	৫০-৫৯	৩.০০
C	৪০-৪৯	২.০০
D	৩৩-৩৯	১.০০

ড্রেস কোড

বালিকা শাখা:

নার্সারি থেকে তৃতীয় শ্রেণি (ছাত্র)

সাদা পাঞ্জাবী (গলায় ও বুকে নির্দিষ্ট এবং মনোগ্রামযুক্ত), নেভি ব্লু প্যান্ট, সাদা কেড্‌স, সাদা মোজা, সাদা টুপি।

(নার্সারি থেকে তৃতীয় শ্রেণি) (ছাত্রী)

সাদা শার্ট, নেভি ব্লু হাত কাটা ফ্রক (মনোগ্রাম যুক্ত) সাদা পায়জামা, সাদা বেল্ট, সাদা স্কার্ফ, সাদা কেড্‌স, সাদা মোজা

চতুর্থ থেকে আলিম শ্রেণি (ছাত্রী)

নেভি ব্লু বোরকা, সাদা স্কার্ফ, কালো নেকাব, কালো জুতা ও সাদা মোজা

বালক শাখা: (ছাত্র)

চতুর্থ থেকে আলিম শ্রেণির সকল শিক্ষার্থীর জন্য নিম্নোক্ত ড্রেস কোড বাধ্যতামূলক।
সাদা পাঞ্জাবী (গলায় ও বুকে নির্দিষ্ট চেক বর্ডার এবং মনোগ্রামযুক্ত),
সাদা সেলোয়ার (নির্দিষ্ট ডিজাইনের) সাদা কেড্‌স, সাদা মোজা সাদা টুপি।

* ছাত্রদের জন্য টাখনু গিরার উপরে পায়জামা পরিধান করা বাধ্যতামূলক।

স্বল্প খরচে উন্নত পরিবেশে
আবাসিক ও শীতাতপ নিয়ন্ত্রিত
নিজস্ব পরিবহন সমৃদ্ধ

বালক-বালিকা
সম্পূর্ণ পৃথক
ক্যাম্পাস

DARUL IRFAN MADRASAH

দারুল ইরফান (আলিম) মাদরাসা
(নার্সারি থেকে আলিম)

দ্বীনি ও আধুনিক শিক্ষার সমন্বয়ে ব্যতিক্রমধর্মী প্রতিষ্ঠান

مدرسة دار العرفان

DARUL IRFAN MADRASAH
(A Unique Combination of Islamic & Modern Education)

প্রসপেক্টাস

বালক শাখা
নার্সারি থেকে ৯ম শ্রেণি
(বিজ্ঞান ও সাধারণ বিভাগে)
ছাত্র-ছাত্রী
ভর্তি চলছে

বাড়ি # ১২, রোড # ১, ব্লক-বি, চান্দগাঁও আ/এ চট্টগ্রাম।
0241388152 01814-394489, 01982-446612
darulirfanacademyctg@gmail.com www.darulirfanacademy.com